গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

**বিষয়ঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের অংশগ্রহণে অবহিতকরণ সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মো: কামাল হোসেন
সিনিয়র সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
তারিখ : ২৩/১১/২০২২ খ্রিষ্টাব্দ।
সময় : বেলা ০২.৩০ ঘটিকা।
স্থান : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সম্মেলন কক্ষ,
ভার্চুয়াল (জুম ক্লাউড অ্যাপ)
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ রফিকুল ইসলাম এ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের সিটিজেন চার্টারের বিভিন্ন সূচকের কার্যক্রম সভায় তুলে ধরেন এবং কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহের অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে এ বিভাগে প্রেরণের জন্য আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণকে অনুরোধ করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | সিটিজেন চার্টারের সেবাবক্স হালনাগাদ করণ | ত্রৈমাসিক ভিত্তিতে স্ব স্ব দপ্তরের সিটিজেন চার্টার সেবাবক্স হালনাগাদ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়; | ত্রৈমাসিক ভিত্তিতে স্ব স্ব দপ্তরের সিটিজেন চার্টার সেবাবক্স হালনাগাদ করে ওয়েব সাইটে আপলোড করতে হবে; | আওতাধীন দপ্তর/সংস্থা |
| ২ | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে পুনর্গঠনের লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয়; | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে পুনর্গঠন পূর্বক এর তথ্য ওয়েব সাইটে আপলোড করতে হবে; | এপিএ শাখা ও আওতাধীন দপ্তর/সংস্থা |
| ৩ | সিটিজেন চার্টার পুনঃ পরীক্ষণ | বিদ্যমান সিটিজেন চার্টার পুনঃ পরীক্ষণ করে সংশোধন, পরিমার্জন, পরিবর্ধন ও সংযোজন সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়; | প্রয়োজন অনুসারে বিদ্যমান সিটিজন চার্টার সংশোধন, পরিমার্জন, পরিবর্ধন ও সংযোজন করার লক্ষ্যে কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন করতে হবে; | এপিএ শাখা ও আওতাধীন দপ্তর/সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | পরিবীক্ষণ কমিটি কর্তৃক সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা পরিবীক্ষণ | পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা পরিবীক্ষণ পূর্বক প্রতিবেদন মন্ত্রি পরিষদ বিভাগে প্রেরণ বিষয়ে আলোচনা করা হয়। | পরিবীক্ষণ কমিটি কর্তৃক সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা ত্রৈমাসিক পরিবীক্ষণ পূর্বক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রি পরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | এপিএ শাখা ও আওতাধীন দপ্তর/সংস্থা |

০৩। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১১/২০২২

(মোঃ কামাল হোসেন)
সিনিয়র সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

নং- ৫৭.০০.০০০০.১৪৩.৪২.০০১.২২-৮৬

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা।
৪। যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৬। চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৭। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী, বগুড়া।
৮। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২। অফিস কপি।

(রুজিনা সুলতানা)
উপসচিব